

# নিষিদ্ধ ছাত্রলীগের ঘোষিত কর্মসূচির প্রতিবাদে মধ্যরাতে উত্তাল যবিপ্রবি

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০২:০৫, ৩০ জানুয়ারি ২০২৫



ছবি: সংগৃহীত

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যবিপ্রবি) ক্যাম্পাসে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের ঘোষিত কর্মসূচির প্রতিবাদে মধ্যরাতে মশাল মিছিল করেছেন শিক্ষার্থীরা। বুধবার (২৯ জানুয়ারি) রাত সাড়ে ১১টায় শহীদ মসিয়ুর রহমান হল থেকে শুরু হওয়া এই মিছিলটি বিশ্ববিদ্যালয়ের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে প্রশাসনিক ভবনের সামনে গিয়ে শেষ হয়।

জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের একটি ফেসবুক পেজ থেকে রাত ১০টার দিকে নিষিদ্ধ সংগঠনের পক্ষ থেকে ফেব্রুয়ারি মাসব্যাপী কর্মসূচির ঘোষণা দেওয়া হয়। বিষয়টি শিক্ষার্থীদের নজরে এলে সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক প্রতিক্রিয়া দেখা দেয়। পরে শিক্ষার্থীরা তাৎক্ষণিকভাবে মশাল মিছিলের ডাক দেন।

মিছিলে অংশ নেওয়া শিক্ষার্থীরা বিভিন্ন স্লোগান দিতে থাকেন। এ সময় পেট্রোলিয়াম অ্যান্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী রকিব হাসান রাফি বলেন, ‘জুলাই আন্দোলনের রক্তের দাগ এখনো শুকায়নি, তারা আবারও কর্মসূচি ঘোষণা করার সাহস পেল কীভাবে? যশোরের আন্দোলন যবিপ্রবি থেকে শুরু হয়েছে, এবারও আমরাই প্রথম প্রতিবাদে নেমেছি। আমাদের আন্দোলন চলবে।’

রসায়ন বিভাগের শিক্ষার্থী আরমান বলেন, ‘শিক্ষার্থী ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের উচিত নিষিদ্ধ সংগঠনের কার্যক্রমের বিরুদ্ধে সবসময় সোচ্চার থাকা। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীরও উচিত ন্যায়বিচার নিশ্চিত করা।’

উল্লেখ্য, নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগ ফেব্রুয়ারি মাসব্যাপী কর্মসূচি ঘোষণা করেছে, যার মধ্যে রয়েছে লিফলেট বিতরণ, বিক্ষোভ সমাবেশ, অবরোধ ও সর্বাঙ্গীক হরতাল।